



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)

www.wzpdcl.gov.bd, e-mail: wzpdcl.md@gmail.com

বিদ্যুৎ ভবন, ৩৫, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১১২.২৩-১৪৮৫

তারিখ : ১৬ জুন ২০২৫ খ্রিঃ
২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি (কর্মচারী)

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), খুলনা এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদের নাম, বেতন স্কেল, পদ সংখ্যা এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য নিম্নরূপ:

ক্রম	পদের নাম, বেতন স্কেল, পদ সংখ্যা (ওজোপাডিকো'র বেতন কাঠামো - ২০১৬ অনুযায়ী)	০৭/০৭/২০২৫ তারিখ অনুযায়ী বয়সসীমা (বছর)	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪
১।	সাহায্যকারী বেতন স্কেল- ১৭,০০০/- পদ সংখ্যা-৬২	১৮-৩২	ক) এসএসসি পাস বা সমমান খ) সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২।	এ্যাটেনডেন্ট (রেস্ট হাউজ) বেতন স্কেল- ১৫,৫০০/- পদ সংখ্যা-০৬	১৮-৩২	ক) এসএসসি পাস বা সমমান খ) সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৩।	নিরাপত্তা প্রহরী বেতন স্কেল- ১৫,৫০০/- পদ সংখ্যা-৪০	১৮-৩২	ক) এসএসসি পাস বা সমমান খ) সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। ঘ) শারীরিক মাপ (পুরুষ): উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, বুকের মাপ ৩২ হতে ৩৪ ইঞ্চি।

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের ওজোপাডিকো'র 'Online Application System'-এর মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form যথাযথভাবে পূরণ করতে হবে এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয় পত্র, স্বাক্ষর ও ছবি স্ক্যান করে সংযুক্ত করতে হবে। অনলাইন আবেদনের লিংক WZPDCL-এর ওয়েবসাইটে (www.wzpdcl.gov.bd) পাওয়া যাবে।
- আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর অনুকূলে ডাচ বাংলা ব্যাংক লিঃ-এর Payment Gateway-এর মাধ্যমে পরিশোধ করতে হবে। পরীক্ষার ফি পরিশোধের নিয়মাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।
- সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং অনাপত্তি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূল কপি প্রদর্শন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসরণ করা হবে।
- নিয়োগ প্রক্রিয়া চলাকালে ওজোপাডিকো কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন/সকল আবেদন অথবা এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা ওজোপাডিকো'র কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ আবেদনপত্র বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগের বিষয়ে যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- আবেদনের শেষ তারিখ: ০৭/০৭/২০২৫ খ্রিঃ।
- এই বিজ্ঞপ্তি www.wzpdcl.gov.bd ওয়েব সাইট-এ পাওয়া যাবে।

নির্দেশক্রমে-

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকো, খুলনা।